জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট ডিভিশন এর অধীনে সুনামগঞ্জ জেলায়
স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস
আবাসিক প্লট বরাদ্দের

# প্রস্‌পেক্টাস ও আবেদনপত্র



# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট ডিভিশন এর অধীনে সুনামগঞ্জ জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদন পত্র ।

# প্রস্পেক্টাস

১। আগ্রহী বাংলাদেশী নাগরিক / ব্যক্তিগণকে নগদ ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র অফেরৎযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে ২৯/০২/২০২০ খ্রীঃ তারিখের মধ্যে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর বরাবর আবেদন করতে হবে।

২। যদি আবেদনকারীর নিজ নামে / স্ত্রী / স্বামী বা নির্ভরশীল পুত্র / কন্যা বা পোষ্যের নামে কিংবা বেনামে সুনামগঞ্জ পৌরসভা এলাকার মধ্যে জমি / প্লট / ফ্ল্যাট থাকে তবে তিনি আবেদন করতে পারবেন না।

৩। যাদের বার্ষিক আয় সবোর্চ্চ ৫.০০ (পাঁচ লক্ষ) টাকা (প্রবাসীদের ক্ষেত্রে ১০.০০ (দশ লক্ষ) টাকা কেবলমাত্র তারা আবেদনের যোগ্য হবেন)। আয়ের প্রত্যয়নপত্রে উক্ত সর্বোচ্চ আয়ের প্রতিফলন থাকতে হবে।

৪। প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের সম্মুখে (বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্মুখে) নির্ধারিত ছকে টাকা ৩০০/- (তিনশত) টাকা মাত্র নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ১৮/১১/২০১৯ খ্রীঃ তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে।

৫। জমির কাঠা প্রতি মূল্য এবং প্লট এর আনুমানিক আয়তন ও সংখ্যা নিম্নে দেওয়া হলো ঃ

(ক) জমির কাঠা প্রতি মূল্য কম/বেশি = ৪,০০,০০০/০০ টাকা

(খ) প্লটের আনুমানিক আয়তন ও সংখ্যা ঃ

৫.০০ কাঠা হতে ৬.৫০ কাঠা পর্যন্ত = ১২টি (কম/বেশি)
৩.৬০ কাঠা হতে ৪.৯০ কাঠা পর্যন্ত = ০
২.৪০ কাঠা হতে ৩.৫০ কাঠা পর্যন্ত = ৬৮টি (কম/বেশি)

সর্বমোট প্লটের সংখ্যা = ৮০ টি (কম/বেশি)

৬। (ক) প্রত্যেক আবেদকারীকে আবেদন পত্রের সাথে নিম্নলিখিত হারে জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী / বাণিজ্যিক ব্যাংকের ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

* ৫.০০ কাঠা হতে ৬.৫০ কাঠা পর্যন্ত প্লটের জন্য জামানত ১,০০,০০০/০০ (এক লক্ষ) টাকা।
* ৩.৬০ কাঠা হতে ৪.৯০ কাঠা পর্যন্ত প্লটের জন্য জামানত ৭৫,০০০/০০ (পঁচাত্তর হাজার) টাকা।
* ২.৪০ কাঠা হতে ৩.৫০ কাঠা পর্যন্ত প্লটের জন্য জমানত ৫০,০০০/০০ (পঞ্চাশ হাজার) টাকা।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণকে উক্ত টাকার সমপরিমাণ আমেরিকান ডলার / পাউন্ড ষ্ট্যার্লিং / ইউরো ড্রাফটের মাধ্যমে প্রদান করতে হবে।

(খ) যারা প্লাটের বরাদ্দ পাবেন না তাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকদের তালিকা প্রকাশের অব্যবহিত পরে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, জাতীয় গৃহয়ান কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সাদিপুর, সিলেট হতে ফেরত নিতে হবে। তবে কোন সুদ প্রদান করা হবে না।

(গ) সুদসহ কিস্তিতে প্লটের মূল্য পরিশোধের নমুনা ঃ (Model) ঃ

প্রতিটি ৫.০০ কাঠা প্লটের কিস্তিতে পরিশোধের বিবরণী ঃ

প্রতি কাঠা জমির মূল্য = ৪,০০,০০০/০০ হারে          মোট টাকার পরিমাণ - ২০,০০,০০০/০০

| ক্রমিক নং | কিস্তি নং | মূল | কর্তৃপক্ষের পাওনা | সুদ (১১% হারে) | সুদ+আসল |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ম কিস্তি (মোট মূল্যের ৩০%) বরাদ্দপত্র জারীর ৩০ দিনের মধ্যে | জামানত ১,০০,০০০/০০ | — | — | ১,০০,০০০/০০ |
| | | ৫,০০,০০০/০০ | ১৪,০০,০০০/০০ | — | ৫,০০,০০০/০০ |
| ০২ | ২য় কিস্তি (মোট মূল্যের ২৫%) বরাদ্দপত্র জারীর ১ম বছরের মধ্যে | ৫,০০,০০০/০০ | ৯,০০,০০০/০০ | ১,৫৪,০০০/০০ | ৬,৫৪,০০০/০০ |
| ০৩ | ৩য় কিস্তি (মোট মূল্যের ২৫%) বরাদ্দপত্র জারীর ২য় বছরের মধ্যে | ৫,০০,০০০/০০ | ৪,০০,০০০/০০ | ৯৯,০০০/০০ | ৫,৯৯,০০০/০০ |
| ০৪ | ৪র্থ কিস্তি (মোট মূল্যের ২০%) বরাদ্দপত্র জারীর ৩য় বছরের মধ্যে | ৪,০০,০০০/০০ | — | ৪৪,০০০/০০ | ৪,৪৪,০০০/০০ |
| | মোট | ২০,০০,০০০/০০ | — | ২,৯৭,০০০/০০ | ২২,৯৭,০০০/০০ |

৭। যে সকল আবেদনকারী প্লটের বরাদ্দ পাবেন, তাদের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের ১ম কিস্তির সাথে সমন্বয় করা হবে।

৮। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

৯। যাদের বাৎসারিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে সরকারী বিধি-বিধান অনুযায়ী তাদের আয়ের স্বপক্ষে ইনকাম ট্যাক্স অফিসার কর্তৃক আয়ের পরিমাণের সার্টিফিকেট, গত বছরের দাখিলকৃত আয়কর রির্টান এর কপি অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। চাকুরীজীবিগণকে বেতন স্কেল ও মাসিক বেতন সম্পর্কে নিয়ন্ত্রয়ণকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট, বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। যে সকল আবেদনকারীর বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার নীচে তাদের আয়ের স্বপক্ষে সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট দাখিল করতে হবে।

১০। আবেদনকারীর বয়স ২৯/০২/২০২০ খ্রীঃ তারিখে নূন্যতম ৩০(ত্রিশ বছর) হতে হবে।

১১। আবেদনকারীকে তার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন একটি পেশার কথা উল্লেখ করতে হবে। কোন আবেদনকারী নিম্নবর্ণিত ক্রমিক নং- ''ড'' এর অন্যান্য গ্রুপ ভূক্ত হলে তার পেশা উল্লেখ করতে হবে।

| | পেশা | শতকরা হার |
|---|---|---|
| (ক) | সরকারী কর্মকর্তা/ কর্মচারী | ১৮% |
| (খ) | আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী | ০৮% |
| (গ) | বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী | ০৮% |
| (ঘ) | বিদেশে কর্মরত ব্যক্তি | ০৭% |
| (ঙ) | মুক্তিযোদ্ধা | ০৪% |
| (চ) | ব্যবসায়ী | ০৮% |
| (ছ) | অবসরপ্রাপ্ত চাকুরীজীবি | ০৪% |
| (জ) | মন্ত্রণালয় এবং জাগৃক এ চাকুরীরত কর্মকর্তা ও কর্মচারীগণের নির্ধারিত | ০৬% |
| (ঝ) | অর্থ বিভাগ, আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত | ০১% |
| (ঞ) | জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প এলাকার অধিকগ্রহণজনিত ক্ষতিগ্রস্থ লোকজন | ০৪% |
| (ট) | বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী ইত্যাদি) | ০৪% |
| (ঠ) | সংরক্ষিত কোটা | ২০% |
| (ড) | অন্যান্য | ০৮% |
| | সর্বমোট | ১০০% |

* সংরক্ষিত কোটার বিপরীতে যেসকল কর্মকর্তা/কর্মচারী আবেদন করবেন তাদের আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে চাকুরীরত থাকতে হবে। আবেদনপত্র দাখিলের পর অন্যত্র বদলী হলেও আবেদনপত্র বহাল থাকবে।

১২। চাকুরীজীবি আবেদনকারীগণকে তাদের নিজ নিজ কর্মস্থলের অফিস প্রধান/উইং প্রধানের নিকট হতে চাকুরীর প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদন পত্র দাখিল করতে হবে।

১৩। মুক্তিযোদ্ধা আবেদনকারীকে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কাউন্সিল, মুক্তিযোদ্ধা সংসদ এর চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৪। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক উক্ত প্রকল্পের জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ লোকজন যারা (ঞ) গ্রুপে আবেদন করবেন, তাদের এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৫। জমির মূল্য পরিশোধের পদ্ধতি ঃ

(ক) প্রথম কিস্তি ঃ বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৩০% টাকা বরাদ্দ পত্র জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। জামানতের টাকা প্রথম কিস্তির টাকার সাথে সমন্বয় করা হবে।

(খ) দ্বিতীয় কিস্তি ঃ বরাদ্দপত্র জারীর ১২ (বার) মাসের মধ্যে মোট মূল্যের ৫৫% টাকা পরিশোধ করতে হবে।

(গ) তৃতীয় কিস্তি ঃ বরাদ্দপত্র জারীর ২৪ (চব্বিশ) মাসের মধ্যে মোট মূল্যের ৮০% টাকা পরিশোধ করতে হবে।

(ঘ) চতুর্থ কিস্তি ঃ বরাদ্দপত্র জারীর ৩৬ (ছত্রিশ) মাসের মধ্যে মোট মূল্যের ১০০% টাকা পরিশোধ করতে হবে।

(ঙ) জমির ৪র্থ কিস্তির টাকা পরিশোধের ছয় মাস পর প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিষ্ট্রী করার ব্যবস্থা করা হবে। এর যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহীতাকে বহন করতে হবে।

(চ) লীজ দলিল সম্পাদনের ২ (দুই) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন এর অনুমোদিত লে-আউট/ স্থাপত্য নকশা অনুযায়ী ন্যূনতম ১ (এক) তলা বাড়ি নিমার্ণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিলক্রমে জমাকৃত অর্থের ০৫% বাজেয়াপ্ত করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

(ছ) যারা বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমির মূল্যের ১ম কিস্তির টাকা পরিশোধ করতে ব্যর্থ হবেন, তাদের বরাদ্দ বাতিল বলে গন্য হবে।

(জ) প্রথম কিস্তির অর্থ পরিশোধের পর যাহারা সময়মত পরবর্তী কিস্তি সমূহ পরিশোধ করতে অপরাগ হবেন, তাদের কিস্তির জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত ১৩% হারে সুদ সহ দেয়/ কিস্তির অর্থ পরিশোধের সুযোগ দেয়া হবে। উক্ত সময়ের মধ্যে যারা সুদ সহ সমুদয় মূল্য/কিস্তি পরিশোধ করতে অপরাগ হবেন, তাদের বরাদ্দ পত্র বাতিল করা হবে এবং জমাকৃত মূল্যের ৫% হারে কর্তন করে বাকী টাকা ফেরত দেয়া হবে।

১৬। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড/ স্টালিং/ আমেরিকান ডলার/ইউরো পার্শ্বে বর্ণিত হিসাবের মাধ্যমে ( Title of A/C Chairman, National Housing Authority, A/C No. 01931020022222 SWIET Address: PRBLBDDH006. জমির মূল্য পরিশোধ করতে পারবেন। সরকার (এ ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী টাকায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রার বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রা হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

১৭। অসম্পূর্ণ ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃত ভাবে তথ্য গোপন করলে বা ভুল তথ্য পরিবেশন করলে এবং তা প্রমাণিত হলে, বরাদ্দ পত্র বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্রাপ্ত করা হবে।

১৮। একান্নভূক্ত পরিবার হতে মাত্র একটি দরখাস্ত করা যাবে। একান্নভূক্ত পরিবারের সদস্যগণ একাধিক প্লট বরাদ্দ পেলে এবং যে কোন সময়ে প্রমাণিত হলে, প্লট বরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্রাপ্ত করা হবে।

১৯। আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত ম্যাট্রিক, এস,এস,সি সার্টিফিকেটের অনুলিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। যারা ম্যাট্রিক, এস,এস,সি পাস করেন নাই, তাদের বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি অথবা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে।

২০। আবেদনকারীকে প্রকল্প এলাকায় যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মত থাকতে হবে।

২১। আবেদনকারীর অনুকুলে বরাদ্দকৃত প্লট বাস্তব দখলের সময় বরাদ্দকৃত আয়তন অপেক্ষা কম / বেশী হলে উহার মূল্য আনুপাতিক হাবে কম / বেশী হবে।

২২। আবেদন পত্রের সাথে আবেদন পত্র ক্রয়ের মূল রশিদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

২৩। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময় উল্লেখিত শর্তাবলীর পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবেন এবং পরবর্তিতে যে কোন শর্ত আরোপ করতে পারবেন।

**মোঃ রাশিদুল ইসলাম**
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা

## ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে
## "হলফনামার নমুনা"

আমি.................................................................................................................................................

পিতা/স্বামী.......................................................................................................................................

জন্ম তারিখ...............................বয়স...........................পেশা...........................................................

বর্তমানে.............................................................................................................................................

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা ঃ গ্রামঃ .........................................................................

ডাকঘর.........................................................থানা.......................................................................

জেলা...................................................নাগরিকত্ব.......................................................................

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করছি যে, সুনামগঞ্জ পৌর এলাকার মধ্যে কোথাও আমার নিজের নামে/ স্ত্রী / স্বামী বা র্নিভরশীল পুত্র/ কন্যা বা পোষ্যের নামে কিংব বেনামে কোন জমি/ প্লট/ ফ্ল্যাট নেই ।

আমি আরও ঘোষণা করিছ যে, প্রসপেক্টাসে বর্ণিত সকল শর্তসমূহ সুস্থ মস্তিকে সম্পূর্ণরূপে অবগত হয়েছি এবং সকল শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকব । উপরোক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভুল ।

..........................................

হলফকারীর পূর্ণ স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত, তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন । আমি তার পরিচয় প্রদানকারী

..........................................

প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/ নোটারী পাবলিক

..........................................

এডভোকেট

বিদেশে অবস্থানরত বাংলাদেশী আবেদনকারীর জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর


Property Boundary
20'-0" WIDE ROAD
40'-0" WIDE ROAD
30'-0" WIDE ROAD
25'-0" WIDE ROAD
PLAY GROUND
P.A.H
SCHOOL
Property Boundary
Sunamganj------>
100' Dhaka to Sunamganj Highway Road

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের "সিলেট ডিভিশন, সিলেট এর অধীন সুনামগঞ্জ জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট বরাদ্দের

| আবেদন পত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| অফিস কর্তৃক পূরণ করা হবে | | | |

# আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে।

১। আবেদনকারীর নাম ঃ ..............................................................................

২। পিতা/স্বামীর নামঃ ..............................................................................

৩। আবেদনকারীর জন্ম তারিখ ঃ .............................................. বয়স :..............................................

(প্রমাণপত্র সংযুক্ত করতে হবে) (২৯/০২/২০২০ খ্রীঃ তারিখে বয়স)

৪। বর্তমান ঠিকানাঃ ..............................................................................

..............................................................................

মোবাইল/টেলিফোন নম্বর (যদি থাকে) :..............................................................................

৫। স্থায়ী ঠিকানা ঃ ..............................................................................

..............................................................................

৬। পেশার ঃ..............................................................................পেশার গ্রুপ ঃ

(ক) চাকুরীজীবি হলে পদের নাম ঃ..............................................................................

(খ) সংস্থার নাম ঃ..............................................................................

(গ) বর্তমান কর্মস্থলের নাম ঃ ..............................................................................

..............................................................................

৭। জামানতের টাকার পরিমাণ ঃ ..............................................................................

৮। চাহিত প্লটের আয়তন ঃ ..............................................................................

৯। ব্যাংকের নাম ও ঠিকানা ঃ ..............................................................................

ব্যাংক ড্রাফট / পে-অর্ডার নম্বর ঃ .............................................. তারিখ ঃ ..............................................

১০। আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর ঃ ..............................................তারিখ ঃ ..............................................

(মূল রসিদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)

১১। আবেদনকারীর নিজস্ব বাৎসরিক আয়ের পরিমাণ ঃ ..............................................................................

আয়ের স্বপক্ষে প্রমাণপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সনদ আই, টি ১০ ফরমে এসেটস এন্ড লায়েবিলিটিস ষ্টেটমেন্টের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১২। হলফনামার তারিখ ঃ ১৮/১১/২০১৯ খ্রীঃ তারিখের পরে সম্পাদিত ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এ হলফনামা সংযুক্ত করতে হবে।

প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মতে প্রয়োজনীয় সকল কাগজ পত্রাদি সংযুক্ত করা হল।

আমি অঙ্গীকার করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্য সমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ ঃ..............................................

------------------------------------

(আবেদনকারীর স্বাক্ষর)

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
## নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
সিলেট ডিভিশন
৪৭১, সাদিপুর, শিবগঞ্জ, সিলেট
Website: www.nha.gov.bd

# প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন সুনামগঞ্জ হাউজিং এস্টেটে প্লট বরাদ্দের নিমিত্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রসপেক্টাসে লিপিবদ্ধ রয়েছে। আগামী ২০/১১/২০১৯ খ্রিঃ তারিখ থেকে ২৯/০২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত নগদ টাঃ ৫০০/- (পাঁচশত) মূল্যের (অফেরতযোগ্য) প্লটের প্রসপেক্টাসসহ আবেদনপত্র নিম্নে বর্ণিত দপ্তরসমূহ হতে ক্রয় করা ও জমা দেয়া যাবে।

| | | | |
|---|---|---|---|
| ০১. | ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, সেগুনবাগিচা ঢাকা। | ০৬. | চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নাসিরাবাদ, চট্টগ্রাম। |
| ০২. | সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট। | ০৭. | খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ খালিশপুর, খুলনা। |
| ০৩. | ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সেকশন-২, মিরপুর, ঢাকা। | ০৮. | রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী। |
| ০৪. | ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মোহাম্মদপুর, ঢাকা। | ০৯. | দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর। |
| ০৫. | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জ। | ১০. | প্রাইম ব্যাংক লিঃ সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ। |

বিঃ দ্রঃ লটারীর বিজ্ঞপ্তি ও ফলাফল জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট, www.nha.gov.bd এ প্রকাশ করা হবে।

**পরিমল কুমার কুরী**
নির্বাহী প্রকৌশলী
ফোন/ফ্যাক্স-০৮২১-৭৬০৫২০
E-mail: nhasylhet@yahoo.com

ডিজি-২২২৩/১৯ (৬"×৪)